রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ২৯, ২০০৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রতিরক্ষা মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ১৩ই শ্রাবণ ১৪১১/২৮শে জুলাই ২০০৪

এস, আর, ও নং ২৩৬-আইন/২০০৪।—রাষ্ট্রপতি, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে এবং ১৪০ (২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা ঃ—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই বিধিমালা "বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড" (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৪ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা ঃ বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল;

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা;

(ঘ) "পদ" অর্থ তফসিলে উল্লেখিত কোন পদ;

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লেখিত যোগ্যতা;



মূল্য ঃ টাকা ৩.০০

(চ) "সার্টিফিকেট" অর্থ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান বা ইনস্টিটিউট বা বোর্ড কর্তৃক শিক্ষাগত যোগ্যতা নির্দেশক সার্টিফিকেট;

(ছ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "প্রতিষ্ঠান" বা "ইনস্টিটিউট" বা "বোর্ড" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান বা ইনস্টিটিউট বা শিক্ষা বোর্ড।

৩। নিয়োগ পদ্ধতি।—(১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ২৯ (৩) অনুচ্ছেদের উদ্দেশ্য পূরণকল্পে সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলীর বিধান সাপেক্ষে, কোন পদে তফসিলে উল্লেখিত পদ্ধতিতে নিয়োগ করা হইবে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না, যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে উল্লেখিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। সরাসরি নিয়োগ।—(১) কোন পদে সরাসরি নিয়োগ এর জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবে না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(২) কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে অবসরপ্রাপ্তদের ক্ষেত্রে শুধুমাত্র সম্মিলিত সামরিক হাসপাতাল (সি এম এইচ) এবং বেসামরিক পদধারীদের ক্ষেত্রে স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে;

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৩) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য বিবেচনা করা হইবে না, যদি তিনি উক্ত পদের জন্য নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তি মোতাবেক যথাযথ নিয়মে দরখাস্ত দাখিল না করেন।

৫। **শিক্ষানবিস।**—(১) কোন স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে সরাসরি নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিস স্তরে সরাসরি নিয়োগের ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে দুই বৎসরের জন্য নিয়োগদান করা হইবে ঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোন শিক্ষানবিসের শিক্ষানবিসী মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসীর মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, বা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সে ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিসের মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসী মেয়াদ চলাকালের সময় কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল তাহা হইলে, তাহার চাকুরী স্থায়ী করিবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ তাহার চাকরীর অবসান ঘটাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারী আদেশবলে, সময় সময় যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাস করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

**তফসিল**

**(বিধি-৩ দ্রষ্টব্য)**

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়স সীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | পরিচালক | .. | প্রেষণে নিয়োগের মাধ্যমে। | সশস্ত্র বাহিনীর ব্রিগেডিয়ার বা সমমর্যাদার কর্মকর্তা। |
| ২ | উপ-পরিচালক | .. | প্রেষণে নিয়োগের মাধ্যমে। | সশস্ত্র বাহিনীর কর্ণেল বা লেফটেন্যান্ট কর্ণেল বা সমমর্যাদার কর্মকর্তা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩ | প্রশাসনিক কর্মকর্তা | .. | প্রেষণে নিয়োগের মাধ্যমে। | সশস্ত্র বাহিনীর মেজর বা সমমর্যদার কর্মকর্তা। |
| ৪ | সচিব | ৫২ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে; সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত মেজর বা সমমর্যদার কর্মকর্তা; প্রেষণে নিয়োগের ক্ষেত্রে ঃ সশস্ত্র বাহিনীর মেজর বা সমমর্যদার কর্মকর্তা। |
| ৫ | সুপারিনটেনডেন্ট/ হেড ক্লার্ক | .. | প্রেষণে নিয়োগের মাধ্যমে। | সশস্ত্র বাহিনীর জেসিও করণিক। |
| ৬ | পি, এ | .. | প্রেষণে নিয়োগের মাধ্যমে। | সশস্ত্র বাহিনীর জেসিও করণিক। |
| ৭ | ভেরিফিকেশন/ ইনভেস্টিগেশন অফিসার | ৫২ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে; সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ মাধ্যমিক স্কুল সার্টিফিকেটসহ প্রশাসনিক কাজে অভিজ্ঞতাসম্পন্ন অবসরপ্রাপ্ত জেসিও বা সমমর্যদার পদধারী; প্রেষণে নিয়োগের ক্ষেত্রে ঃ মাধ্যমিক স্কুল সার্টিফিকেটসহ প্রশাসনিক কাজে অভিজ্ঞতাসম্পন্ন সশস্ত্র বাহিনীর জেসিও বা সমমর্যাদার পদধারী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৮ | করণিক (ইউডিএ) | ৪৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে; সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ মাধ্যমিক স্কুল সার্টিফিকেটসহ টাইপিং এ অভিজ্ঞ সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত হাবিলদার বা সমমর্যদার পদধারী;<br><br>প্রেষণে নিয়োগের ক্ষেত্রে ঃ মাধ্যমিক স্কুল সার্টিফিকেটসহ টাইপিং এ অভিজ্ঞ সশস্ত্র বাহিনীর হাবিলদার বা নায়েক বা সমমর্যাদার পদধারী। |
| ৯ | সাঁট-মুদ্রাক্ষরিক (ষ্টেনো টাইপিষ্ট) | .. | প্রেষণে নিয়োগের মাধ্যমে। | সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসহ সশস্ত্র বাহিনীর হাবিলদার বা নায়েক বা সমমর্যাদার পদধারী। |
| ১০ | নিম্নমান সহকারী (এল, ভি, এ) | ৪৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে; সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ মাধ্যমিক স্কুল সার্টিফিকেটসহ টাইপিং-এ অভিজ্ঞ সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত নায়েক/ল্যান্স নায়েক (করণিক) বা সমমর্যদার পদধারী (করণিক);<br><br>প্রেষণে নিয়োগের ক্ষেত্রে ঃ মাধ্যমিক স্কুল সার্টিফিকেটসহ টাইপিং-এ অভিজ্ঞ সশস্ত্র বাহিনীর নায়েক/ল্যান্স নায়েক (করণিক) বা সমমর্যদার পদধারী (করণিক)। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১১ | গাড়ী চালক | ৪০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে; সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ ৮ম শ্রেণী পাশ সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত নায়েক/ল্যান্স নায়েক (গাড়ী চালক) বা সমমর্যদার পদধারী (গাড়ী চালক);<br><br>**প্রেষণে নিয়োগের ক্ষেত্রে ঃ** বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ সশস্ত্র বাহিনীর নায়েক/ল্যান্স নায়েক বা সমমর্যদার পদধারী (গাড়ী চালক)। |
| ১২ | ডেসপাচ রাইডার | .. | প্রেষণে নিয়োগের মাধ্যমে। | সশস্ত্র বাহিনীর ল্যান্স নায়েক/সিপাহী (গাড়ী চালক) বা সমমর্যাদার পদধারী। |
| ১৩ | অফিস রানার | ৪৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে; সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** ৮ম শ্রেণী পাশ সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত সিপাহী (জিডি) বা সমমর্যাদার পদধারী;<br><br>**প্রেষণে নিয়োগের ক্ষেত্রে ঃ** সশস্ত্র বাহিনীর সিপাহী (জিডি) বা সমমর্যাদার পদধারী। |
| ১৪ | বার্তাবাহক (মেসেঞ্জার) | .. | প্রেষণে নিয়োগের মাধ্যমে। | সশস্ত্র বাহিনীর সিপাহী (জিডি) বা সমমর্যাদার পদধারী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৫ | গার্ড | ৪৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে; সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ ৮ম শ্রেণী পাশ সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত সিপাহী (জিডি) বা সমমর্যাদার পদধারী; প্রেষণে নিয়োগের ক্ষেত্রে ঃ সশস্ত্র বাহিনীর সিপাহী (জিডি) বা সমমর্যাদার পদধারী। |
| ১৬ | মালি | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | ৮ম শ্রেণী পাশ |
| ১৭ | সুইপার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | ৮ম শ্রেণী পাশ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মনোয়ার হোসেন সরকার
উপ-সচিব।

মোহাম্মদ আলমগীর হোসেন, উপ-নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।